



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৭০৪

তারিখ : ২৫/০৭/২০২৩ খ্রিঃ

বিষয় : কারণ দর্শানো জবাব প্রসঙ্গে।

সূত্র-০১ : প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) এর ১৩/০৭/২০২৩ খ্রি. তারিখের আবেদন।

সূত্র-০২ : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে জামালপুর জেলার সদর উপজেলাধীন "শাহজামাল নিম্ন মাধ্যমিক একাডেমী" এর ম্যানেজিং কমিটির প্রতিষ্ঠাতা সদস্য, দাতা সদস্য, তিন জন অভিভাবক সদস্য ও তিন জন শিক্ষক প্রতিনিধি একযোগে পদত্যাগ করায় কমিটিতে অচলাবস্থা সৃষ্টি হয়েছে মর্মে বিগত ২১/০৫/২০২৩ খ্রি. তারিখে একখানা আবেদন পাওয়া যায়। সূত্রস্থ স্মারক [০২] মোতাবেক জানা যায় যে, ম্যানেজিং কমিটির ০৯/০৩/২০২৩ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক বিগত ১০/০৩/২০২৩ খ্রি. তারিখে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়। এতদসত্ত্বেও বিগত ২১/০৫/২০২৩ খ্রি. তারিখে বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে স্বাক্ষর করে একখানা আবেদন বোর্ডে দাখিল করেছেন। অধিকন্তু অভিভাবক সদস্য জনাব সৈয়দা নাজনীন, জনাব মোঃ আনোয়ার হোসেন জোয়েল ও জনাব মোঃ হামিদুল ইসলাম পদত্যাগ পত্র প্রদান করেননি এবং কারো কারো পদত্যাগপত্রে প্রদেয় স্বাক্ষরের সাথে তাঁদের নিজ স্বাক্ষরের সাথে মিল নেই মর্মে তদন্ত কর্মকর্তা জানিয়েছেন।

এমতাবস্থায়, এহেন বিধিবিহীন কর্মকান্ড পরিচালনার জন্য এ পত্র ইস্যুর তারিখ হতে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে সুস্পষ্ট কারণ ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক : প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত)
শাহজামাল নিম্ন মাধ্যমিক একাডেমী
জামালপুর সদর, জামালপুর।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

স্বঃ
ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ৭০৪ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

তারিখ : ২৫/০৭/২০২৩ খ্রিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ৪। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধসহ)
- ৫। সাবেক সভাপতি, ম্যানেজিং কমিটি "শাহজামাল নিম্ন মাধ্যমিক একাডেমী", জামালপুর সদর, জামালপুর।
- ৬। অফিস কপি।

Didarul Islam

25.07.2023

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

[Signature]